# কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি

মুক্তারাম (ত্রিমোহনী), কুড়িগ্রাম।

Email: krlpbs50@gmail.com,Web: www.pbs.kurigram.gov.bd


ISO 9001:2015 Certified

স্মারক নং-২৭.১২.৪৯৫২.৫৫০.০২.০০৮.২৬.২৮৩৯

তারিখঃ ৩১ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ
১৫ জুলাই, ২০২৬খ্রিস্টাব্দ

**বিষয়ঃ কুড়ি-লাল পবিসের সদর দপ্তর ও লালমনিরহাট জোনাল অফিসের জন্য আইন উপদেষ্টা পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি।**

কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি'র সদর দপ্তরের আওতাধীন (কুড়িগ্রাম সদর, রাজারহাট, নাগেশ্বরী, ফুলবাড়ী, ভূরুঙ্গামারী, উলিপুর, চিলমারী) উপজেলার মামলা মোকদ্দমা পরিচালনার নিমিত্তে নিম্নবর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে ০১ (এক) জন এবং লালমনিরহাট জোনাল অফিসের জন্য লালমনিরহাট সদর, আদিতমারী এবং কালিগঞ্জ (আংশিক) উপজেলার মামলা মোকদ্দমা পরিচালনার নিমিত্তে নিম্নবর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে ০১ (এক) জন **আইন উপদেষ্টা** নিয়োগের লক্ষ্যে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদন পত্র আহবান করা যাচ্ছেঃ

শর্তাবলীঃ

০১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

০২। আবেদনকারীকে কুড়িগ্রাম ও লালমনিরহাট জেলায় আইন ব্যবসায় নিয়োজিত অবসরপ্রাপ্ত জুডিশিয়াল অফিসারসহ যারা জেলা/উপজেলা কোর্ট/সহকারী জজ কোর্টে কমপক্ষে ০৮ (আট) বৎসর আইন ব্যবসায়ে নিয়োজিত আছেন, কেবল তারাই আইন উপদেষ্টা পদে আবেদন করতে পারবেন।

০৩। উক্ত পদে ০৩ (তিন) বৎসরের জন্য চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। নির্ধারিত প্রার্থীকে সমিতির নির্ধারিত চুক্তিনামা স্বাক্ষরের মাধ্যমে সমিতি'র সাথে চুক্তিবদ্ধ হতে হবে।

০৪। পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক অনুমোদিত হারে মাসিক রিটেইনার ফি ও অন্যান্য ফি প্রদান করা হবে।

০৫। আবেদনকারী অন্য কোন পল্লী বিদ্যুৎ সমিতি'র আইন উপদেষ্টা হিসাবে নিয়োজিত থাকলে আবেদন করার প্রয়োজন নাই।

০৬। নিয়োগ চুক্তি বাতিল করতে হলে উভয় পক্ষকে ৩০(ত্রিশ) দিনের নোটিশ প্রদান করতে হবে।

০৭। উপর্যুক্ত আইন উপদেষ্টা পদে নিয়োগ লাভে ইচ্ছুক প্রার্থীগণকে নিম্নবর্ণিত তথ্যাদিসহ আবেদনপত্র আগামী ৩০-০৭-২০২৬ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার এর মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের অনুরোধ করা হলো। অসম্পূর্ণ বা নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র বিবেচনা করা হবে না।

ক) আবেদনকারীর নাম (স্পষ্টাক্ষরে) :

খ) বর্তমান ঠিকানা :

গ) স্থায়ী ঠিকানা :

ঘ) এস এস সি পাশের সনদ অনুযায়ী জন্ম তারিখ :

ঙ) এ্যাডভোকেট হিসাবে এনরোলমেন্ট এর তারিখ :

চ) আইন ব্যবসায়ের সময়কালঃ
১) সহকারী জজ কোর্ট/উপজেলা কোর্ট :
২) জর্জ কোর্ট :
৩) সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশন/আপীল বিভাগ :

ছ) আইন উপদেষ্টা পদে পূর্ব অভিজ্ঞতা :

জ) সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত অথবা অন্য কোন প্রতিষ্ঠানে আইন উপদেষ্টা পদে বর্তমানে নিয়োজিত থাকলে তার পূর্ণ বিবরণঃ
উপরোল্লিখিত তথ্যের স্বপক্ষে প্রমাণকসহ সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, অভিজ্ঞতা/বার কাউন্সিলের সনদপত্রের সত্যায়িত অনুলিপি, ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি, "কুড়ি-লাল পল্লী বিদ্যুৎ সমিতি" এর অনুকূলে ২০০/-(দুইশত) টাকার ব্যাংক ড্রাফট এমআইসিআর/পোস্টাল অর্ডার (অফেরতযোগ্য) আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।

০৮। পবিস'র মামলা মোকদ্দমা পরিচালনার জন্য আইন উপদেষ্টা/আইন জীবিদের সম্মানীর হার সংশোধিত পবিস নির্দেশিকা/বাপবিবোর্ডের সার্কুলার অনুযায়ী প্রদেয় হবে। এতদবিষয়ে পবিস সদর দপ্তরে যোগাযোগ পূর্বক জানা যাবে।

15.07.26

(মোঃ শামীম পারভেজ)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

**অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) -**

০১। জেলা জজ, কুড়িগ্রাম ও লালমনিরহাট।
০২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম ও লালমনিরহাট।
০৩। পুলিশ সুপার, কুড়িগ্রাম ও লালমনিরহাট।
০৪। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ অঃ)/মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৫। উপজেলা নির্বাহী অফিসার, (কুড়িগ্রাম সদর, রাজারহাট, নাগেশ্বরী, ফুলবাড়ী, ভূরুঙ্গামারী, উলিপুর, চিলমারী উপজেলা) ও (লালমনিরহাট সদর, আদিতমারী, কালিগঞ্জ উপজেলা)।

**সদয় অবগতির জন্য**

০৬। সভাপতি, সমিতি বোর্ড, কুড়ি-লাল পবিস।
০৭। সভাপতি, জেলা আইনজীবি সমিতি, লালমনিরহাট (নোটিশ বোর্ডে বহুল প্রচারের অনুরোধসহ)।
০৮। ডিজিএম, সকল জোনাল অফিস, কুড়ি-লাল পবিস।
০৯। এজিএম (অর্থ), কুড়ি-লাল পবিস।
১০। নোটিশ বোর্ড, কুড়ি-লাল পবিস।
১১। অফিস কপি/মাষ্টার কপি।

15.07.26

(মোঃ শামীম পারভেজ)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

E:\Yesmin Zahan\নিয়োগের কাজ\নিয়োগ বিজ্ঞপ্তি.doc